



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন
বাণিজ্য মন্ত্রণালয়
রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (লেভেল-৪)
৩৭/৩/এ, পুরাতন এলিফ্যান্ট রোড (ইস্কাটন গার্ডেন),
রমনা, ঢাকা-১০০০
www.ccb.gov.bd



বাজারে প্রতিযোগিতা বিরোধী কর্মকাণ্ড প্রতিরোধ বিষয়ক গণবিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাজারে প্রতিযোগিতা বিরোধী কর্মকাণ্ড, যেমন: সিল্ডিকেট গঠন, পণ্যের কৃত্রিম সংকট সৃষ্টি, সরবরাহ সংকট সৃষ্টি, অতিরিক্ত মজুদ করে বাজারে বিরূপ প্রভাব সৃষ্টি ইত্যাদি দেশের বাজার ব্যবস্থাপনা ও সাধারণ ভোক্তাদের ওপর নেতিবাচক প্রভাব ফেলে। এই ধরনের কার্যক্রম প্রতিযোগিতা আইন, ২০১২ মোতাবেক দণ্ডনীয়। উপরোক্ত কর্মকাণ্ড প্রতিরোধে ব্যবসায়ীগণকে পণ্যের সুষ্ঠু সরবরাহ নিশ্চিত করা, অতিরিক্ত মজুদ না করে পণ্যের প্রাপ্যতা বজায় রাখা, ন্যায্যমূল্য ও প্রয়োজনীয় পণ্যের সহজলভ্যতা নিশ্চিত করা, কোনো ধরনের সিল্ডিকেটে জড়িত না হওয়ার বিষয়ে সতর্কতা অবলম্বন করা এবং রমজান মাসকে কেন্দ্র করে নিত্যপ্রয়োজনীয় পণ্য সরবরাহ, সুলভমূল্য ও সহজলভ্যতা নিশ্চিত করার জন্য অনুরোধ জানানো হলো।

উল্লেখ্য, ইদানিং লক্ষ্য করা যাচ্ছে, কিছু ব্যবসায়ী নিত্য প্রয়োজনীয় পণ্যের অবৈধ মজুত, উৎপাদন ও সরবরাহ সীমিতকরণ বা অস্বাভাবিক মূল্য নির্ধারণের মাধ্যমে পণ্যের “সাপ্লাই চেইন” বিঘ্নিত করেছে এবং বাজারে কৃত্রিম সংকট সৃষ্টি করেছে। ফলে জনমনে অস্বস্তি ও বাজারে অস্থিতিশীলতা তৈরি হচ্ছে। বাজারে এ ধরনের প্রতিযোগিতা বিরোধী কর্মকাণ্ডের বিরুদ্ধে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে বদ্ধপরিকর। কোনো ব্যক্তি বা ব্যক্তিবর্গ ব্যবসা-বাণিজ্যে প্রতিযোগিতা বিরোধী কর্মকাণ্ডে জড়িত থাকার তথ্য জানা থাকলে ইমেইলে (secretary.ccb2012@gmail.com), ফেসবুক পেইজে (www.facebook.com/bcc2012), কমিশনের ওয়েবসাইটে, ডাকযোগে সচিব, বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন বরাবর অথবা সরাসরি অভিযোগ করার বিষয়ে অনুরোধ করা যাচ্ছে।

সচিব
বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন
যোগাযোগঃ +৮৮০২-৫৮৩১৫৪৮৫